

শিক্ষামন্ত্রী বললেন
নতুন প্রজন্মের মেধা
ও প্রতিভা বিশ্বমানের

নিজস্ব প্রতিবেদক >

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'বাংলাদেশ অর্থনৈতিকভাবে দুর্বল হলেও শিক্ষাক্ষেত্রে পিছিয়ে নেই। উন্নয়নশীল দেশগুলোর মধ্যে বাংলাদেশ শিক্ষা খাতে অনেক এগিয়ে রয়েছে। আমাদের নতুন প্রজন্মের মেধা ও প্রতিভা বিশ্বমানের।' তিনি সরকারের পাশাপাশি নতুন প্রজন্মের মেধা বিকাশে সবাইকে সচেতন থাকার আহ্বান জানান।

রাজধানীর 'সেনিডেনসিয়াল' মডেল কলেজ মিলনায়তনে গতকাল শনিবার 'তৃতীয় সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৫'-এর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন।

স্ব স্ব প্রতিষ্ঠান, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিজয়ী হয়ে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পেয়েছে ৯৬ জন। তাদের মধ্যে থেকে চার বিষয়ে তিনটি গ্রুপে মোট ১২ জন নির্বাচিত হবে 'জাতীয় সেরা মেধাবী'। তারা প্রত্যেকে পাবে এক লাখ টাকা করে নগদ অর্থ পুরস্কার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আনুষ্ঠানিকভাবে এই পুরস্কার তুলে দেওয়ার কথা রয়েছে। তবে স্মৃতিমধ্যে অনুষ্ঠেয় উপজেলা পর্যায়ে পাঁচ হাজার ৯১৬ জন, জেলা পর্যায়ে ৭৬৭ জন, বিভাগীয় পর্যায়ে ৯৬ জনকে পুরস্কৃত করা হয়েছে। এখন নির্বাচিত হচ্ছে সেরা ১২ জন। এ প্রতিযোগিতায় মোট পুরস্কারপ্রাপ্তদের সংখ্যা হবে ছয় হাজার ৭৯২ জন।